দৈনিক
ইত্তেফাক

তারিখ 17 JUN 2015
পৃষ্ঠা ... কলাম ...

# কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে গ্রীষ্মকালীন ও ঈদের ছুটি ঘোষণা

ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

গ্রীষ্মকালীন অবকাশ, শব-ই-কদর, জুমাতুল বিদা ও ঈদ-উল-ফিতর উপলক্ষে ময়মনসিংহের ত্রিশালে অবস্থিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের ক্লাশ ও পরীক্ষাসমূহ আগামী ২১ জুন হতে ২৩ জুলাই পর্যন্ত বন্ধ থাকবে। ৫ জুলাই হতে ২১ জুলাই পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ বন্ধ থাকবে। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা এসএম হাফিজুর রহমান জানান, আগামী ২৬ জুলাই রবিবার বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের ক্লাশ ও পরীক্ষা, ২২ জুলাই বুধবার হতে বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ যথারীতি শুরু হবে।